

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৯৭

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২. প্রথম অনুচ্ছেদ - প্রথম ওয়াক্ত হওয়ার সঙ্গে সঙ্গে সালাত আদায়

بَابُ تَعْجِيْلِ الصَّلَوَاتِ

আরবী

وَعَنْ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا قَالَتْ: كَانُوا يُصلُونَ الْعَتَمَةَ فِيمَا بَيْنَ أَنْ يغيب لاشفق إِلَى ثَعْنُ اللَّيْلِ الأول

বাংলা

৫৯৭-[১১] 'আয়িশাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, সাহাবীগণ 'ইশার' সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করতেন 'শাফারু' (অদৃশ্য) হবার পর হতে রাতের এক তৃতীয়াংশ পর্যন্ত। (বুখারী ও মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ: বুখারী ৫৬৯, মুসলিম ৬৩৮, নাসায়৫৫৩৫, আহমাদ ২৪০৫৯।

ব্যাখ্যা

ব্যাখ্যা: "আতামাহ্" হচ্ছে 'ইশার সালাত। এ হাদীসে 'ইশার সালাতের কাজ্জ্বিত সময়ের বর্ণনা দেয়া হয়েছে। নাসায়ীর বর্ণনায় আদেশসূচক শব্দ ﷺ "তোমরা সালাত আদায় করো" শব্দে হাদীস বর্ণিত হয়েছে। হাদীসটি এ রকম "তোমরা লালিমা অদৃশ্য হওয়ার সময় থেকে রাতে এক-তৃতীয়াংশ পর্যন্ত সময়ের মধ্যে এ ('ইশার) সালাত আদায় করো"। আনাস (রাঃ) অন্য হাদীসে বলেন, রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম 'ইশার সালাত (সালাত/নামায/নামাজ) মধ্য রাত্র পর্যন্ত দেরী করে আদায় করতেন। আনাস (রাঃ)-এর হাদীস ও 'আয়িশাহ্ (রাঃ)-এর হাদীসের মধ্যে আপাততঃ বৈপরীত্য লক্ষ্য করা যায়। এ ক্ষেত্রে 'আয়িশাহ্ (রাঃ)-এর হাদীসই অগ্রগণ্য। কারণ তিনিই রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর স্বাভাবিক অভ্যাস সম্পর্কে বেশি জানতেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন